# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**10 OCTOBER 2025 7:35—7:40 AM**

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন যে আসাম পুলিশের বিভিন্ন পদের পরীক্ষার চূড়ান্ত ফলাফল আজ ঘোষনা করা হবে । রাজ্য পর্যায়ের পুলিশ নিযুক্তি বোর্ডের ডব্লু ডব্লু ডব্লু . এস এল পি আর বি আসাম . ইন ওয়েবসাইটে আজ সকাল সাড়ে ১১ টায় ফলাফল ঘোষনা করা হবে । আসাম পুলিশের ১৪৪ টি উপ-পরিদর্শক পদ , আসাম পুলিশের সম্প্রচার সংগঠনের ৭ টি উপ পরিদর্শক পদ , আসাম কমান্ডো ব্যাটেলিয়ানের ৫১ টি উপ পরিদর্শক পদ ও ১৬৪ টি কনষ্টেবল পদ সহ অন্যান্য পদগুলির জন্য আয়োজন করা পরীক্ষাগুলির ফলাফল ঘোষনা করা হবে ।

এদিকে আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার তৃতীয় শ্রেণীর পরীক্ষার ফলাফলও আজ সাড়ে ১০ টায় ঘোষনা করা হবে । পরীক্ষার্থীরা আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার সংশ্লিষ্ট ওয়েবসাইটে গিয়ে তাদের ফলাফল জানতে পারবেন ।

-----------------------------------------------------------------------------------

প্রবীন বিজেপি নেতা তথা প্রাক্তন রেল প্রতিমন্ত্রী রাজেন গোহাই গতকাল বিজেপি দলের সদস্য পদ থেকে পদত্যাগ করেন । শ্রী গোহাই গুয়াহাটীর অটল বিহারী বাজপেয়ী ভবনে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ শইকীয়ার কাছে তার পদত্যাগ পত্র পেশ করেন । দলত্যাগের পর সাংবাদিকদের সংগে কথা বলার সময় শ্রী গোহাই বলেন যে তিনি অটল বিহারী বাজপেয়ী , মূরলী মনোহর যোশীর মতো প্রবীন নেতাদের আদর্শে অনুপ্রাণিত হয়ে বিজেপিতে যোগদান করেছিলেন । বর্তমানে দলটির কাজকর্ম নিয়ে শ্রীগোহাই ক্ষোভ প্রকাশ করেন । ভবিষ্যত কর্মপন্থা নিয়ে তিনি পরবর্তী সময়ে সিদ্ধান্ত নেবেন বলে শ্রী গোহাই সাংবাদিকদের জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

গুয়াহাটী আই আই টি-তে গৌহাটীতে আজ থেকে তিনদিনব্যাপী দশম গবেষণা ও ঔদ্যোগিক অভিবর্তন শুরু হচ্ছে । অভিবর্তনের আয়োজক সমিতি জানিয়েছে যে দেশের কম করেও ৩৩ টি বিশ্ববিদ্যালয়ের এক হাজার গবেষক, ছাত্র ছাত্রী সহ ৬০ টির ও

বেশী ষ্টার্টাপ কোম্পানী অংশ গ্রহণ করবে । আজ সন্ধ্যায় উদ্ভোধনী অনুষ্ঠানের পরই কর্মশালা অনুষ্ঠিত হবে । এই কর্মশালায় চারশোরও বেশী গবেষক তাদের গবেষণা পত্র পাঠ করবেন ।

---------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল লামডিং - বদরপুর পাহাড় লাইনের পরিকাঠামো এবং পরিচালনাগত সুরক্ষা বৃদ্ধিতে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে । বিহাড়া - হিলারা সেকশনে সেতু সংস্কার করা সহ ডিহাখু - মুপা সেকশনে ট্র্যাক সুরক্ষা উন্নত করা হয়েছে । উত্তরপূর্ব সীমান্ত রেল এ অঞ্চলের সুরক্ষা , নিরবচ্ছিন্ন রেল যোগাযোগ নিশ্চিত করার লক্ষ্যে সক্রিয় প্রকৌশল এবং পর্যবেক্ষণ অব্যাহত রেখেছে বলে জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈন ১০৮ মৃতুঞ্জয় এম্বুলেন্স পরিষেবার কাজকর্ম নিয়ে তদন্ত কমিটি গঠন করার নির্দেশ দিয়েছেন । গত ৬ই অক্টোবর কাটলিছড়া এলাকায় এক সড়ক দূর্ঘঠনার পর বারবার ফোন করার পরও আহত ব্যাক্তির কাছে এম্বুলেন্স পরিষেবা না পৌছানর অভিযোগে এই তদন্ত কমিটি করার নির্দেশ দে ওয়া হয়েছে । এদিকে এই ঘটনার জন্য ১০৮ এম্বুলেন্স পরিষেবার স্থানীয় সংযোজক রুহুল আমিনকে শোকজ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে জনস্বাস্থ্য সুরক্ষা সু-নিশ্চিত করতে এবং জেলার প্রতিটি নাগরিকের জন্য নিরাপদ পানীয় জলের সরবরাহ  করতে জেলার সব হোটেল , রেস্তরা এবং অনুরূপ প্রতিষ্ঠানগুলিকে এখন থেকে মাসে একবার বাধ্যতামূলক পানীয় জলের মান পরীক্ষা করতে নির্দেশ দিয়েছে । অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের পক্ষ থেকে জানানো হয়েছে যে পানীয় জলের নমুনা জেলার জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা তাদের অনুমোদিত পরীক্ষাগারে পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে । পরীক্ষায় পানীয় জলের ভৌত , রাসায়নিক  এবং অণূজীব সংক্রান্ত মান যাচাই করা হবে । নির্দেশে আরো বলা হয়েছে যে নিয়ম না মানলে  সংশ্লিষ্ট  প্রতিষ্ঠানের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা আইন এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের ধারায় ব্যবস্থা গ্রহন করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে আজ সন্ধ্যা পাঁচটায় শিলচর বঙ্গ ভবন প্রেক্ষাগৃহে শারদ সাহিত্য সম্মাননা উৎসবের আয়োজন করেছে । এ বছর বরাক উপত্যকার তিন জেলার যে সব শারদ সংখ্যা

প্রকাশিত হয়েছে , এদের সম্পাদকদের সম্মাননা প্রদান করা হবে । উৎসব প্রাঙ্গনে শারদ সংখ্যা প্রদর্শনী এবং বিক্রয়েরও ব্যবস্থা থাকবে বলে বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের জেলা সমিতির পক্ষ উত্তম সাহা  জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে আজ রামকৃষ্ণনগর কলেজে বিধানসভা পর্য্যায়ের মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে রামকৃষ্ণনগর বিধানসভা এলাকার শূন্য থেকে ১৮ বছর বয়স পর্য্যন্ত কিশোর-কিশোরীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে । সকাল ৯টা থেকে এই শিবির শুরু হবে । জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জনসাধারনের কাছে মেগা স্বাস্থ্য শিবিরের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল নাগরিকদের অমীমাংসিত জমানো টাকার নিষ্পত্তি শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে নাগরিকদের দীর্ঘ দিনের নায্য আর্থিক দাবিগুলি দ্রুত ও স্বচ্ছভাবে ফিরিয়ে দেওয়া হবে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে শিবির সকাল ১০টায় শুরু হবে এবং বিকেল চারটা পর্য্যন্ত চলবে । শিলচরে এই শিবির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের পুরোন সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে । এছাড়া ধলাই সম-জেলা কার্য্যলয় , সোনাই রাজস্ব চক্র , লক্ষীপুর , কাটিগড়া ও উধারবন্দ খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয়ে একযোগে এই পরিষেবা চালু থাকবে যাতে প্রত্যন্ত অঞ্চলের বাসিন্দারাও সহজে এই সুযোগের সদ্বব্যবহার করতে পারেন ।
জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে জানিয়েছেন যে এই উদ্যোগ আসাম সরকারের আর্থিক অর্ন্তভুক্তি ও স্বচ্ছ প্রশাসনের অঙ্গীকারের প্রতিফলন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গতকাল জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আশে-পাশে থাকা ব্যবসা প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে তামাকজাত সামগ্রী বাজেয়াপ্ত করেছে ।  জেলার অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়া জানান যে  জেলাজুড়ে এই অভিযান চালানো হয়েছে । শিক্ষা প্রতিষ্ঠানের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে তামাকজাত সামগ্রী বিক্রির অপরাধে গতকাল ১৬ জন দোকান মালিক থেকে তিন হাজার দুশ টাকা জরিমানা আদায় করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম সেমি-ফাইনালে স্পোর্টিং ইউনিয়ন , ব্লাড মাউথ অ্যাথেলেটিক ক্লাবের মুখোমুখি হবে ।

নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের চর্তুথ কোয়াটার ফাইনালে লালা টাউন ফুটবল একাডেমী ৩-০ গোলে চন্দ্রপুর এফ সি-দলকে পরাজিত করে ।

-----------------------------------------------------------------------------------